# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 14 April, 2025

বাংলা নববর্ষ উপলক্ষে বাগেরহাটে বর্নাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে।সোমবার (১৪ এপ্রিল) সকালে জেলা প্রশাসনের আয়োজনে  শহরের ষ্টেডিয়াম থেকে শোভাযাত্রাটি বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষৈ জেলা পরিষদ অডিটরিয়াম মিলনায়তন  প্রাঙ্গনে শেষ হয় । শোভাযাত্রায় ব্যানার প্লাকার্ড নিয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহন করেন।

শোভাযাত্রা শেষে ফিতা কেটে ও বেলুন উড়িয়ে  ৭দিন ব্যাপী বৈশাখী মেলার উদ্ধোধন করেন জেলা প্রশাসক আহমেদ কামরুল হাসান । এসময় পুলিশ সুপার মোঃ তৌহিদুল আরিফসহ বিভিন্ন শ্রেনীপেশার মানুষ উপস্থিত ছিলেন।

বাংলা নববর্ষ শোভাযাত্রা জেলা প্রশাসন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:55

URL: https://www.timestodaybd.com/across-the-country/737775807